# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৮১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আল্লাহর নাবী দাঊদ আলাইহিস সালামের কিয়াম ও সিয়ামের বর্ণনা

ذِكْرُ وَصْفِ قِيَامِ نَبِيِّ اللَّهِ دَاوُدَ صَلَّى اللَّهُ عَلَى نَبِيِّنَا وَعَلَيْهِ وَسَلَّمَ وَصِيَامِهِ

আরবী

2581 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ حَدَّثَنَا عَبْدُ الْجَبَّارِ بْنُ الْعَلَاءِ حَدَّثَنَا سُفْيَانُ قَالَ: سَمِعْتُهُ مِنْ عَمْرِو بْنِ دِينَارٍ مُنْذُ سَبْعِينَ سَنَةً يَقُولُ: أَخْبَرَنِي عَمْرُو بْنُ أَوْسٍ أَنَّهُ سَمِعَ عَبْدَ اللَّهِ بْنَ عَمْرِو بْنِ الْعَاصِ يُخْبِرُ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (أَحَبُّ الصَّلَاةِ إِلَى اللَّهِ صَلَاةُ دَاوُدَ كَانَ يَنَامُ نِصْفَ اللَّيْلِ وَيَقُومُ ثُلُثَ اللَّيْلِ وَيَنَامُ سُدُسَهُ وَأَحَبُّ الصِّيَامِ إِلَى اللَّهِ صِيَامُ دَاوُدَ كان يصوم يوما ويفطر يوما)

الراوي : عَبْدَ اللَّهِ بْن عَمْرِو بْنِ الْعَاصِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2581 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء)) (451 و 945)، ((صحيح الترغيب)) (618)، ((صحيح أبي داود)) (2098): ق.

বাংলা

২৫৮১. আব্দুল্লাহ বিন আমর রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “আল্লাহর কাছে সবচেয়ে প্রিয় সালাত হলো দাঊদ আলাইহিস সালামের সালাত; তিনি রাতের এক-তৃতীয়াংশ সময় কিয়াম করতেন, আর বাকি এক-ষষ্ঠাংশ সময় ঘুমাতেন। আর আল্লাহর কাছে সবচেয়ে প্রিয় সিয়াম হলো দাঊদ আলাইহিস সালামের সিয়াম; তিনি একদিন সিয়াম রাখতেন একদিন সিয়াম ছাড়তেন।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৮৬৪; মুসনাদ আহমাদ: ২/১৬০; সহীহ আল বুখারী: ১১৩১; সহীহ মুসলিম: ১১৫৯; আবূ দাঊদ: ২৪৪৮; নাসাঈ: ৩/২১'৪-২১৫; ইবনু মাজাহ: ১৭১২; দারেমী: ২/২০; তাহাবী, শারহু মা'আনিল আসার: ২/৮৫; সুনান বাইহাকী: ৪/২৯৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২০৯৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91911

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন